

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 28-01-2026  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্যের ২১০টি সরকারী ও সরকারী অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ে পার্সোনালাইসড এডাপটিভ লার্নিং ল্যাবের উদ্বোধন করেন।
- (২) চলতি খারিফ মরশুমে রাজ্যের কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কেনার কর্মসূচি আজ শুরু হয়েছে।
- (৩) সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে।
- (৪) তিরুবন্থপুরমে ৪৬তম জাতীয় মাস্টার্স অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরার মিতালী দেবনাথ স্বর্ণ পদক জয় করেছেন।

\*\*\*\*\*

**PAL Lab inauguration-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ভার্চুয়ালভাবে রাজ্যের ২১০টি সরকারী ও সরকারী অনুদানপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে পার্সোনালাইসড এডাপটিভ লার্নিং ল্যাবের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আগরতলার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, শিক্ষা দপ্তর রাজ্যের ছাত্রছাত্রীদের অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে শিক্ষা প্রদানের উদ্যোগ নিয়েছে। PAL হচ্ছে এই ধরনের একটি আধুনিক শিক্ষা পদ্ধতি। তিনি বলেন, এই শিক্ষা পদ্ধতি রাজ্যের জন্য একটি ঐতিহাসিক মাইলফলক। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের ৬৩ হাজারেরও বেশি ছাত্রছাত্রীরা উপকৃত হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয় শিক্ষা সচিব ডঃ মিলিন্দ রামটেক, মাধ্যমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা রাজীব দত্ত, SCERT-র অধিকর্তা এল ডারলং প্রমুখ।

\*\*\*\*\*

### **Paddy Procurement :**

চলতি খারিফ মরশুমে রাজ্যের কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কেনার কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ ধর্মনগরের বিবেকানন্দ সার্বশতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক এই কর্মসূচির উদ্বোধন করেন। তিনি বলেন, চলতি খারিফ মরশুমে কৃষকদের কাছ থেকে ১৮ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ধানের নূন্যতম সহায়ক মূল্য প্রতি কুইন্টাল ২ হাজার ৩৬৯ টাকা। রাজ্যে পর্যায়ক্রমে ৫২টি ক্রয় কেন্দ্র খোলা হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক যাদবলাল দেবনাথ, খাদ্য সচিব দেবপ্রিয় বর্ধন, জেলাশাসক চাঁদনী চন্দ্রন।

\*\*\*\*\*

### **Dhalai District Hospital :**

কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত হেলথ ইনফ্রাস্ট্রাকচার মিশন অর্থাৎ PM-ABHIM প্রকল্পের অধীনে ধলাই জেলা হাসপাতালে ৫০ শয্যা বিশিষ্ট ক্রিটিক্যাল কেয়ার ইউনিট গড়ে তোলার জন্য ২৩ কোটি ৭৫ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এ খবর জানিয়েছেন। তিনি জানান, এই প্রকল্পটি বাস্তবায়িত হলে ধলাই জেলা হাসপাতালে ট্রমা কেয়ার, কার্ডিয়াক কেয়ার এবং অন্যান্য জটিল রোগের চিকিৎসার পরিষেবা উল্লেখযোগ্যভাবে উন্নতি হবে। রোগীদের আগরতলায় রেফার করার প্রয়োজনীয়তা হ্রাস হবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। রাজ্যের জনজাতি অধ্যুষিত অঞ্চলে অত্যাধুনিক স্বাস্থ্যসেবা সুবিধা নিশ্চিত করার উদ্যোগ নেওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাদ্ডাকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

### **Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ফটিকরায়ে জয়গন্ডি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নবনির্মিত শিক্ষক আবাসন ও অতিরিক্ত শ্রেণীকক্ষ সমূহের উদ্বোধন করেন। অতিরিক্ত শ্রেণীকক্ষের জন্য ১ কোটি ৮ লক্ষ টাকা এবং শিক্ষক আবাসনের জন্য ৪৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস প্রমুখ।

\*\*\*\*\*

#### **Mukhyamantri Janajati Unnayan Mission :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ মুঙ্গিয়াকামি আর.ডি ব্লকের অন্তর্গত চাকমা ঘাট কমিউনিটি হলে ‘মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন মিশন’-এর অধীনে একদিনের বিশেষ সচেতনতা কর্মসূচির উদ্বোধন করেন। তিনি বলেন, জনজাতি অধ্যুষিত এলাকায় কৃষিক্ষেত্রে লাভজনক করে তুলতে এই ধরনের প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। অনুষ্ঠানে ২৫৬ জন কৃষককে আনারস ও কলা গাছের চারা বিতরণ করা হয়। তাছাড়া ২০ জন নির্বাচিত কৃষকের হাতে আধুনিক কৃষি যন্ত্র সামগ্রী তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*

#### **VB G RAM G :**

শ্রমমন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, ১৯৪৭ সালের বিকশিত ভারত নির্মাণের লক্ষ্যকে সামনে রেখে দুর্নীতিমুক্ত গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে ভিবি জি রাম জি আইন প্রণয়ন করা হয়েছে। এই আইন কার্যকরের ফলে গ্রামীণ অর্থনীতি আরো মজবুত হবে। ভিবি জি রাম জি আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ সোনামুড়া টাউন হলে আয়োজিত এক সেমিনারে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন, এম.ডি.সি পদ্মলোচন ত্রিপুরা।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Parliament-Budget :**

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে আজ সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে। রাষ্ট্রপতি বলেছেন যে, অপারেশন সিন্দুরের সময় বিশ্ব ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর বীরত্ব ও পরাক্রম প্রত্যক্ষ করেছে। তিনি বলেন, সরকার একটি দৃঢ় বার্তা পাঠিয়েছে যে ভারতে যেকোনো সন্ত্রাসী হামলার দৃঢ় এবং সিদ্ধান্তমূলক জবাব দেওয়া হবে। তিনি বলেন, সিন্ধু জল চুক্তি স্বগিত করাও সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইয়ের একটি অংশ। রাষ্ট্রপতি বলেন, দেশের প্রতিরক্ষা ব্যবস্থা আরও শক্তিশালী করার জন্য মিশন সুদর্শন চক্র এগিয়ে চলেছে।

রাষ্ট্রপতি বলেন, সরকারের নীতির সঙ্গে সঙ্গতি রেখে, নিরাপত্তা বাহিনীও মাওবাদী সন্ত্রাসের বিরুদ্ধে দৃঢ়ভাবে কাজ করেছে। মাওবাদী সন্ত্রাসের চ্যালেঞ্জ ১২৬টি জেলা থেকে মাত্র আটটি জেলায় নেমে এসেছে।

রাষ্ট্রপতি বলেন, সরকার প্রকৃত অর্থে সামাজিক ন্যায়বিচারের প্রতি সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ এবং এর ফলস্বরূপ, গত দশকে ২৫ কোটি নাগরিক দারিদ্র্য কাটিয়ে উঠেছেন। তিনি বলেন, সরকারের নিরন্তর প্রচেষ্টার ফলে

আজ প্রায় ৯৫ কোটি ভারতীয় সামাজিক সুরক্ষার আওতায় এসেছেন। রাষ্ট্রপতি বলেন, 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর দৃষ্টিভঙ্গি দেশের সকল নাগরিকের জীবনে ইতিবাচক পরিবর্তন আনছে।

দেশের যুবসমাজ, কৃষক, শ্রমিক এবং উদ্যোক্তারা বিকশিত ভারত গঠনে তাদের ভূমিকা ক্রমাগত প্রসারিত করছেন। সরকারের সুদৃঢ় নীতি এবং উদ্যোগের ফলে দেশে কৃষি উৎপাদন দ্রুত বৃদ্ধি পেয়েছে।

তিনি আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে ভারত এই দশকের শেষ নাগাদ ৫০০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদনের লক্ষ্যমাত্রা নিশ্চিতভাবে অর্জন করবে। তিনি বলেন, গত ১১ বছরে উত্তরপূর্বাঞ্চলে সাত হাজার ২০০ কিলোমিটারেরও বেশি জাতীয় মহাসড়ক নির্মিত হয়েছে।

#####Byte-President#####

এর ফলে প্রত্যন্ত, পাহাড়ি, উপজাতি এবং সীমান্তবর্তী এলাকায় পৌঁছানো সহজ হয়েছে। তিনি বলেন, বিকশিত ভারত জি রাম জি আইন গ্রামে ১২৫ দিনের নিশ্চিত কর্মসংস্থান নিশ্চিত করবে এবং এটি দুর্নীতি বন্ধ নিশ্চিত করবে।

তিনি বলেন, গত ১০-১১ বছরে ভারত প্রতিটি ক্ষেত্রে তার ভিত্তি মজবুত করেছে এবং এবছর অর্থাৎ ২০২৬ হল বিকশিত ভারতের দিকে যাত্রার একটি প্রধান ভিত্তি। রাষ্ট্রপতি বলেন, নাগরিকদের মধ্যে নিরাপত্তা, স্বাচ্ছন্দ্য এবং ক্ষমতায়নের অনুভূতি জাগিয়ে তোলার লক্ষ্যে ভারতীয় ন্যায় সংহিতা দ্রুত বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও, জন-বিশ্বাস আইনের একটি নতুন সংস্করণ চালু করা হয়েছে। তিনি আস্থা প্রকাশ করেন যে সংসদ, সরকার এবং নাগরিকরা একসঙ্গে বিকশিত ভারতের সংকল্প পূরণ করবে।

\*\*\*\*\*

**VP and PM on President's speech :**

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেছেন, বাজেট অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণ ছিল বিস্তারিত এবং দূরদর্শী। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন

যে ভাষণটি ভারতের উল্লেখযোগ্য উন্নয়ন যাত্রাকে স্পষ্টভাবে তুলে ধরেছে এবং ভবিষ্যতের জন্য একটি আত্মবিশ্বাসী পরিকল্পনার রূপরেখা তুলে ধরেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণ সাম্প্রতিক সময়ে ভারতের উল্লেখযোগ্য উন্নয়ন যাত্রার প্রতিফলন ঘটায়। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী এই ভাষণকে ব্যাপক এবং অন্তর্দৃষ্টিপূর্ণ বলে অভিহিত করে বলেছেন এই ভাষণ একটি শক্তিশালী এবং আত্মনির্ভরশীল জাতি গঠনের জন্য দেশের আকাশকে প্রতিফলিত করে। এতে বিকশিত ভারত গঠনের উপর জোর দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **PM, Kerala :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সামগ্রিক স্বাস্থ্যসেবা প্রদানের জন্য দেশজুড়ে প্রায় ১২ হাজার আয়ুশ স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র স্থাপন করা হয়েছে। কেরালায় আর্থ বৈদ্যশালা চ্যারিটেবল হাসপাতালের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে ভার্চুয়াল ভাষণে দিয়ে শ্রী মোদী উল্লেখ করেন যে ১২৫ বছরের যাত্রায়, প্রতিষ্ঠানটি আয়ুর্বেদকে একটি শক্তিশালী চিকিৎসা ব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে সরকার বিশ্বব্যাপী ভারতীয় ঐতিহ্যবাহী সুস্থতা প্রচারের জন্য আয়ুশ রপ্তানি প্রচার পরিষদ প্রতিষ্ঠা করেছে। ভারতের আয়ুশ এবং ভেষজ পণ্য রপ্তানি ২০১৪ সালে ৩ হাজার কোটি টাকা থেকে বেড়ে ৬ হাজার ৫০০ কোটি টাকায় পৌঁছেছে। ভারত-ইউরোপীয় বাণিজ্য চুক্তিকে ঐতিহাসিক বর্ণনা করে তিনি বলেন যে এই বাণিজ্য চুক্তি দেশের আয়ুর্বেদ ও যোগব্যায়ামের সঙ্গে জড়িত যুবকদেরও সহায়তা করবে এবং ইইউতে আয়ুশ সুস্থতা কেন্দ্র স্থাপনে সহায়তা করবে।

\*\*\*\*\*

#### **Deputy CM Ajit Pawar dies in plane crash :**

মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার আজ সকালে পুনের বারামতি জেলার কাছে বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। আগামীকাল সকালে বারামতিতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তার শেষ কৃত্য সম্পন্ন হবে। অজিত পাওয়ারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি।

রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক মানিক সাহাও অজিত পাওয়ারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

### **Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপে কর্মসূচির ৬১তম পর্বে আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত সাহায্য প্রত্যাশীদের সাথে সরাসরি কথা বলেন। এই কর্মসূচিতে অধিকাংশ সাহায্য প্রত্যাশীরা চিকিৎসা, জমি সহ বিভিন্ন সমস্যার সমাধানে মুখ্যমন্ত্রীর সহায়তা চেয়ে আর্জি জানান। মুখ্যমন্ত্রী তাদের প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন।

\*\*\*\*\*

### **Mithali's Gold :**

তিরুবন্থপুরমে ৪৬তম জাতীয় মাস্টার্স অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরার মিতালী দেবনাথ স্বর্ণ পদক জয় করেছেন। ৫০ বছর ঊর্ধ্ব বিভাগে মিতালী স্বর্ণ পান। এছাড়া ৫৫ বছর ঊর্ধ্ব বিভাগে গায়ত্রী মজুমদার ৮০০ মিটার দৌড়ে এবং ট্রিপল জাম্প-এ লিটন দেব ব্রোঞ্জ পদক জয় করেন।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

ত্রিপুরা ও গুজরাটের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে হবে খেলাটি। ম্যাচে অংশ

নিতে গুজরাট দল রাজ্যে রয়েছে। এটি চলতি মরশুমে উভয় দলের শেষ ম্যাচ।

\*\*\*\*\*

### **Under-15 Cricket Tournament :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব-১৫ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনালে খেলবে মুহুরীপুর জনকল্যান সমিতি ও কসমোপলিটান ক্লাব। এই ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী ৩০শে জানুয়ারী।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*